



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
এইচএসসি (বিএমটি) শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd



স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০২.০৮.০২৮.২২-৪৭৩


তারিখঃ ২৮-১১-২০২২খ্রি.

এইচএসসি (বিএম/বিএমটি) একাদশ ও দ্বাদশ শ্রেণির ব্যবহারিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২ সাল হতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের এইচএসসি ব্যবসায় ব্যবস্থাপনা (বিএম) শিক্ষাক্রমকে আধুনিকীকরণের মাধ্যমে ব্যবসায় ব্যবস্থাপনা এন্ড টেকনোলজি (বিএমটি) নামকরণ করা হয়েছে। এই শিক্ষাক্রমের গুনগতমান উন্নয়নসহ দেশ-বিদেশের চাহিদার আলোকে টেলে সাজানো হয়েছে এবং ব্যবহারিক শিক্ষার উপর অধিকতর গুরুত্ব আরোপ করা হয়েছে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, কিছু কিছু কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ব্যবহারিক পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে চরম অবহেলাসহ মূল লক্ষ্য উদ্দেশ্য হতে বিচ্যুত হয়ে দায়িত্বহীনতার পরিচয় দিয়ে চলছে। এতে কারিগরি শিক্ষা ব্যবস্থা সম্পর্কে বিরূপ প্রতিক্রিয়া লক্ষ্য করা যাচ্ছে। এ অবস্থা থেকে উত্তরণের জন্য বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ ২০২২ সাল থেকে প্রত্যেকটি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ব্যবহারিক পরীক্ষা আকস্মিক পরিদর্শন করার ব্যবস্থা গ্রহণ করছে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ আগামী ০৮-১২-২০২২খ্রি. হতে ১৫-১২-২০২২খ্রি. তারিখ পর্যন্ত সময়ে অনুষ্ঠিতব্য ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র সমূহ অফিস চলাকালীন সময়ে বিশেষ করে ০৯-১২-২২খ্রি. এবং ১০-১২-২০২২খ্রি. তারিখের প্রতিষ্ঠানের ব্যবহারিক পরীক্ষা সরেজমিনে পরিদর্শন করবেন। এ সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে যথাযথভাবে সকল প্রস্তুতি সম্পন্ন করে ব্যবহারিক পরীক্ষা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোনঃ ০২-৫৫০০৬৫২৫

প্রাপক .


কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল কেন্দ্র।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০২.০৮.০২৮.২২-৪৭৩ (৮)

তারিখঃ ২৮-১১-২০২২খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। উপ পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। উপ পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট-১, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। সংশ্লিষ্ট নথি।


(মোঃ সুলতান হোসেন)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)
ফোনঃ ০২-৫৫০০৬৫২৯